

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও,  
শেরেবাংলা নগর ঢাকা-১২০৭

তারিখ: ১৮ জানুয়ারী, ২০২৬ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

**আমদানী পর্যায়ে সংগৃহিত আয়কর স্বয়ংক্রিয়ভাবে করদাতার ই-রিটার্ন ক্রেডিট দেয়ার ব্যবস্থা চালু হলো**

করদাতা কর্তৃক আমদানী পর্যায়ে পরিশোধিত আয়কর স্বয়ংক্রিয়ভাবে তাঁর ই-রিটার্ন ক্রেডিট দেয়ার লক্ষ্যে আজ থেকে জাতীয় রাজস্ব বোর্ডের ই-রিটার্ন সিস্টেমের সাথে অ্যাসাইকুড়া ওয়ার্ল্ড এর কার্যকর সংযোগ প্রক্রিয়া সম্পূর্ণ করে তা চালু করা হয়েছে। এতে আমদানি পর্যায়ে পরিশোধিত আয়করের ক্রেডিট প্রাপ্তির ক্ষেত্রে করদাতাগণের দীর্ঘদিনের ভোগান্তির অবসান হলো। একই সাথে আমদানিকারক বাবসাইগণের ই-রিটার্ন দাখিল সহজতর হয়েছে।

আমদানিকারক করদাতা তাঁর ই-রিটার্ন ব্যবসা আয় সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি প্রদানকালে সংশ্লিষ্ট আয়বছরে প্রতিটি বিল অব এন্ট্রির বিপরিতে তিনি যে পরিমান অগ্রিম আয়কর পরিশোধ করেছেন তার বিল অব এন্ট্রি ভিত্তিক সকল তথ্য স্বয়ংক্রিয়ভাবে পাচ্ছেন। আমদানি পর্যায়ে পরিশোধিত উক্ত আয়কর ই-রিটার্ন সিস্টেমে তাঁর মোট প্রদেয় আয়কর হতে বাদ দিয়ে রিটার্নের সাথে পরিশোধযোগ্য অংক নিরূপিত হচ্ছে।

গত ৪ আগস্ট ২০২৫ তারিখে অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ কর্তৃক ২০২৫-২৬ কর বছরের জন্য [www.etchnbr.gov.bd](http://www.etchnbr.gov.bd) ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে ই-রিটার্ন দাখিল কার্যক্রম শুভ উদ্বোধনের পর থেকে আজ পর্যন্ত ৪৬ লাখের বেশি করদাতা ই-রিটার্ন সিস্টেমে রেজিস্ট্রেশন করেছেন এবং প্রায় ৩৩ লাখ করদাতা ইতোমধ্যে ই-রিটার্ন দাখিল করেছেন। লক্ষনীয় যে, যাদের জন্য ই-রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়নি তাঁরাও অনলাইনে ই-রিটার্ন দাখিল করছেন। এবছর প্রবাসী বাংলাদেশী করদাতাগণ ও ই-রিটার্ন সিস্টেমে রেজিস্ট্রেশন করে অনলাইনে ই-রিটার্ন দাখিল করতে পারছেন। এ পর্যন্ত প্রায় ৪ হাজার প্রবাসী করদাতা তাঁদের ২০২৫-২৬ কর বছরের আয়কর রিটার্ন ই-রিটার্ন সিস্টেমে অনলাইনে দাখিল করেছেন।

অনলাইনে ই-রিটার্ন দাখিলের ক্ষেত্রে কোন প্রকারের কাগজপত্র বা দলিলাদি upload করতে হয়না। ব্যক্তি করদাতাগণ যাতে ঘরে বসেই আয়কর পরিশোধ করে সহজে রিটার্ন দাখিল করতে পারেন সে লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সকল প্রচেষ্টা অব্যাহত আছে। ই-রিটার্ন সিস্টেম ব্যবহার করে আগামী ৩১ জানুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে অনলাইনে রিটার্ন দাখিলের জন্য সম্মানিত সকল ব্যক্তি করদাতাকে অনুরোধ করেছে জাতীয় রাজস্ব বোর্ড।

-জাতীয় রাজস্ব বোর্ড